

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

আইসিটি সেল

[www.mor.gov.bd](http://www.mor.gov.bd)

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতিমাসে ইনোভেশন টামের নিয়মিত সভার ধারাবাহিকতায় ২৯.১২.২০১৫ ইং  
তারিখে রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টাম এবং বাংলাদেশ রেলওয়ের প্রতিনিধির সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি	ঋঢ় জনাব মোঃ ফিরোজ সালাহু উদ্দিন, সচিব, রেলপথ মন্ত্রণালয়।
তারিখ	২৯.১২.২০১৫ খ্রিস্টাব্দ।
সময়	সকাল ১১.০০ ঘটিকা।
স্থান	সচিব মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং-২০৪)


২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ঃ পরিশিষ্ট ‘ক’।

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় বর্ণনা করার  
জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসারকে আহ্বান করেন। অতিরিক্ত সচিব ও চীফ  
ইনোভেশন অফিসার সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতি মাসে ইনোভেশন টামের  
সভা করতে হবে মর্মে উল্লেখ রয়েছে। গত ২৬.১১.২০১৫ ইং তারিখ ইনোভেশন টামের সর্বশেষ (১১তম) সভা অনুষ্ঠিত  
হয়েছে। এরই ধারাবাহিকতায় ইনোভেশন টামের আজকের সভার আয়োজন করা হয়েছে। অতঃপর বিগত সভার  
কার্যবিবরনী পড়া হয় এবং কার্যবিবরনীর বিষয়বস্তুর উপর বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	বাংলাদেশ রেলওয়ের সেবার মান বৃদ্ধি, উন্নয়ন এবং আয় বৃদ্ধির বিষয়ে চলন্ত ট্রেনে বিনা টিকিটে অ্রমণকারী যাত্রীদের টিটিই(ট্রেন টিকিট এক্সচিনার)-দের মাধ্যমে দ্রুত Portable Electronics Machine এ টিকিট প্রদান চালু করা প্রয়োজন। এ বিষয়ে সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে Dutch Bangla Bank Ltd. (DBBL) এর কর্মকর্তাদের সাথে প্রাথমিক আলাপ-আলোচনা করেছেন মর্মে সভাকে অবহিত করেন।	বাংলাদেশ রেলওয়েতে ব্যবহারের জন্য Portable Electronics Machine system এর বিষয়ে DBBL কে Demo Version presentation দেওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে
০২	আধুনিক প্রযুক্তিগত দিক বিবেচনা করে রেল লাইনে সেনসর (sensor) / ট্র্যাক সার্কিট সিস্টেম ব্যবহারের মাধ্যমে জনসাধারণের সুবিধার্থে প্রতিটা রেল ক্রসিং এ বেল / হর্ন এবং লাইট ফ্লাসিং এর ব্যবস্থা আরও জোরদার	পরবর্তী সভাতে বাংলাদেশ রেলওয়ের Electrical Department- এর কর্মকর্তা উপস্থিত থাকতে হবে।	মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে

	করার বিষয়ে পর্যালোচনা হয়। এবং পরবর্তী সভাতে বাংলাদেশ রেলওয়ের Electrical Department- এর কর্মকর্তা উপস্থিত থাকার বিষয়ে আলোচনা হয়।		
০৩	রেলভবনের নিরাপত্তা আরো আধুনিক করার জন্য বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের ক্ষেত্রে নতুন যে প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে ঠিক একই আদলে রেলওয়ের কার্যালয়ে প্রবেশের জন্য সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারী সহ দর্শনার্থী প্রবেশের নিমিত্ত Security Card Punching System এর প্রচলন করার বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ সচিবালয়ের Security Card Punching System প্রযুক্তি সরজিমিনে দেখার জন্য স্বারাষ্ট্র মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার সঙ্গে যোগাযোগ করতে হবে।	যুগ্ম-সচিব (উর্যন), রেলপথ মন্ত্রণালয়।
০৪	বাংলাদেশ রেলওয়ে কে আরো আধুনিকিতার নিমিত্ত রেলওয়ের বিভিন্ন স্টেশন ও অফিসে ক্লোজ সার্কিট ক্যামেরা (সি সি ক্যামেরা) স্থাপনের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন স্টেশনে স্থাপনকৃত সিসি ক্যামেরা গুলো মনিটরিং এর ব্যবস্থা জোরদার এবং বাকী গুরুত্বপূর্ণ স্টেশন গুলোতে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে।	মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে
০৫	চট্টগ্রাম পাহাড়তলীতে অবস্থিত রেলওয়ে জাদুঘরটি আরও উন্নত (update) করার এবং ঢাকার কমলাপুরে নতুন রেলওয়ে জাদুঘর স্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।	চট্টগ্রাম পাহাড়তলীতে অবস্থিত রেলওয়ে জাদুঘরটি আরও উন্নত (update) করা এবং ঢাকার কমলাপুরে নতুন রেলওয়ে জাদুঘর স্থাপন করতে হবে।	মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে
০৬	বাংলাদেশ রেলওয়ের জনগুরুত্বপূর্ণ ও বড় বড় স্টেশনে ন্যারোগেজ এর অব্যবহৃত ও পুরাতন লোকোমোটিভ গুলো সংরক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, সিলেট, খুলনা, সুন্ধরদী স্টেশনসহ আরও গুরুত্বপূর্ণ স্টেশন সমূহে ন্যারোগেজ এর অব্যবহৃত ও পুরাতন লোকোমোটিভ গুলো সংরক্ষণ করতে হবে।	মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে

৪। আর কোন আলোচনা না থাকায় সভায় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।



(মোঃ ফিরোজ সামাজিক উদ্দিন)  
 সচিব, রেলপথ মন্ত্রণালয়  
 রেলভবন, ঢাকা।